

রাজারহাটে ২ হাজার উপভোক্তাকে হাঁস-মুরগির বাচ্চা বিলি পঞ্চায়েতের

সংবাদদাতা, রাজারহাট: হাঁস ও মুরগি পালনে গ্রামীণ মহিলাদের স্বনির্ভর করাই উদ্দেশ্য। তার জন্য রাজারহাটের পাঁচটি গ্রাম পঞ্চায়েতে কুড়ি হাজারেরও বেশি হাঁস ও মুরগির বাচ্চা বিলির উদ্যোগ নিয়েছে পঞ্চায়েত সমিতি। এই কাজের জন্য প্রতিটি গ্রাম পঞ্চায়েতের পৃথক তালিকা তৈরি করেছে পঞ্চায়েত সমিতির প্রাণী সম্পদ বিভাগ। ইতিমধ্যেই জ্যাংড়া-হাতিয়াড়া (২) নম্বর গ্রাম পঞ্চায়েতে উপভোক্তারা তা পেয়েছেন। সোমবার বিষ্ণুপুর দু'নম্বর গ্রাম পঞ্চায়েতের শতাধিক মহিলা হাঁস ও



মুরগির বাচ্চা পেয়েছেন। রাজারহাট পঞ্চায়েত সমিতির সভাপতি প্রবীর কর জানিয়েছেন, 'এই প্রকল্পে অগ্রাধিকার মহিলাদের। সরকারের লক্ষ্য তাঁদের স্বনির্ভর করা।' রাজারহাট ব্লক প্রাণী সম্পদ বিভাগ সূত্রে খবর, এই প্রকল্পে দু'হাজার

গ্রাহককে হাঁস ও মুরগির বাচ্চা দেওয়ার লক্ষ্যমাত্রা ঠিক হয়েছে। এই কাজের জন্য সবকটি পঞ্চায়েত সমিতির সদস্যকে বলা হয়েছে নিজেদের এলাকার গ্রাহকদের নামের তালিকা জমা দিতে। রাজারহাট পঞ্চায়েত সমিতিতে ১৫ জন সদস্য আছেন। ব্লকের এক আধিকারিক জানিয়েছেন, মুরগির ছানাগুলি উন্নত প্রজাতির (রোড আইল্যান্ড রেড)। এগুলি বাড়িতে রেখে পালন করা যায়। প্রথম ধাপে সমিতির সদস্যদের কাছ থেকে ১১৮টি করে নাম চাওয়া হয়েছিল। একজন উপভোক্তা ১০টি করে হাঁস ও মুরগির ছানা পাচ্ছেন। - নিজস্ব চিত্র